যুগান্তর

24 MAY 2017
8 8

# মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করুন

মো. মোশতাক মেহেদী

দেশ স্বাধীনের পর ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রাথমিক শিক্ষা জাতীয়করণ করেন। কয়েক দশক পর তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সব বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় কয়েকটি ধাপে জাতীয়করণ করেন। এর ফলে প্রাথমিক শিক্ষায় অনেক পরিবর্তন এসেছে। এখন সময় হয়েছে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করার।

কতিপয় শিক্ষা বিশেষজ্ঞের মতে, মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করলে শিক্ষার মান কমে যাবে। ধারণাটি একেবারেই ঠিক নয়। কারণ প্রাথমিক শিক্ষা জাতীয়করণ করার ফলে শিক্ষার মান কমেনি; বরং বেড়েছে।

সাবেক শিক্ষা সচিব নজরুল ইসলাম খান বিদায় নেয়ার কিছুদিন আগে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করার পক্ষে মত দেন। তিনি বলেছিলেন, মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করার জন্য এক হাজার কোটি টাকা প্রয়োজন। প্রথম বছরে একটু সমস্যা হলেও পরে শিক্ষা প্রতিষ্ঠানের সব আয় রাষ্ট্রীয় কোষাগারে জমা হলে আর কোনো সমস্যা থাকবে না। মাধ্যমিক স্তর জাতীয়করণ হলে শিক্ষাব্যবস্থায় কোনো বৈষম্য থাকবে না। এর ফলে শিক্ষকদের প্রাইভেট ও কোচিং বাণিজ্য অনেকাংশে হ্রাস পাবে। শিক্ষাবান্ধব সরকারের কাছে আমাদের প্রত্যাশা ২০১৭-২০১৮ অর্থবছরে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের জন্য পর্যাপ্ত টাকা বরাদ্দের বিষয়টি বিবেচনায় নেয়া হবে।

*সহকারী শিক্ষক, বুজরুক বাঁখই মাধ্যমিক বিদ্যালয়*
*কুমারখালী, কুষ্টিয়া*